জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
www.shed.gov.bd

৩৭.০০.০০০০.০৩১.০৪.০০২.২০২০- ১০

তারিখ: ৩০ পৌষ ১৪২৬ / ১৪ জানুয়ারী ২০২০

বিষয় : উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণের লক্ষ্যে তথ্য প্রেরণ ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং ০৪.০০.০০০০.১১১.০৪.১৪৭.১৯-০৪ তারিখ: ১২/০১/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক চাহিদা মোতাবেক (ক) ও (খ) ছক অনুযায়ী উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার হার্ডকপি ও সফ্ট কপি (ই-মেইল salimsikder20@yahoo.com) এ আগামী ২০/০১/২০২০ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

সংলগ্নী : বর্ণনামতে ।

১৪/০১/২০২০
**(মো: সেলিম শিকদার)**
**সহকারি সচিব (আইন-২)**
ই-মেইল salimsikder20@yahoo.com
দূরালাপনী:- ৯৫৬৩৫১৬

বিতরণ (জ্যেষ্ঠতারক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরেবাংলানগর, ঢাকা ।
২। চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), বোরাক টাওয়ার, ইস্কাটন, ঢাকা ।
৩। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৪। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
৫। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইজ),পলাশী-নীলক্ষেত, ঢাকা ।
৬। মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্তাপনা একাডেমি (নায়েম) ধানমন্ডি, ঢাকা ।
৭। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা ।
৮। মহাপরিচালক, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (আমাই) , সেগুনবাগিচা, ঢাকা ।
৯। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা ।
১০। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডসমূহ- ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/ বরিশাল/দিনাজপুর/সিলেট/ময়মনসিংহ ।
১১। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। অতিরিক্ত সচিব (নিরীক্ষা ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
আইন-১ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.১১১.০৪.১৪৭.১৯.৪

তারিখ: ২৮ পৌষ ১৪২৬
১২ জানুয়ারি ২০২০

বিষয়: **উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিবীক্ষণের লক্ষ্যে তথ্য প্রেরণ।**

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.৩৫১ মূলে উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার কার্যক্রম পরিবীক্ষণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি গঠন করা হয়; যা বাংলাদেশ গেজেটের ১১ ডিসেম্বর ২০১৯ তারিখের সংখ্যায় প্রকাশিত হয়েছে **(কপি সংযুক্ত)**। বর্ণিত কমিটির সভা অনুষ্ঠান ও কার্যপরিধি অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ/সংশ্লিষ্ট/সংযুক্ত দপ্তর ও সংস্থাসমূহের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মহামান্য সুপ্রীম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগে চলমান মামলাসমূহের তথ্য নিম্নবর্ণিত ছক মোতাবেক আগামী ৩০/০১/২০২০ তারিখের মধ্যে এ বিভাগের আইন অধিশাখায় এবং সফটকপি নিকষ ফন্টে ই-মেইলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ছক**

**মন্ত্রণালয়/বিভাগের নাম:-** ---------------------------------------------------------------

**ক) উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলার পরিসংখ্যান (১/১/১৯ থেকে ৩১/১২/১৯ পর্যন্ত)**

| চলমান/অনিষ্পন্ন মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকার-পক্ষে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | সরকার-বিপক্ষে নিষ্পত্তিকৃত মামলায় সরকার পক্ষে দায়েরকৃত আপিল/রিভিউ/রিভিশন সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |

**খ) উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট অতীব/জনগুরুত্বপূর্ণ মামলার তথ্য:**

| ক্রমিক | মামলা নম্বর | সংশ্লিষ্ট আদালত এবং সরকারি আইন কর্মকর্তার নাম | পিটিশনার/ সরকারের প্রতিপক্ষের নাম-ঠিকানা | বিষয় (সংক্ষেপে) | সর্বশেষ অবস্থা | সরকার-পক্ষে গৃহীত সর্বশেষ পদক্ষেপ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

সংযুক্তি: ০১ (এক) ফর্দ।

১২-১-২০২০
তানভীর আহমেদ
উপসচিব
ফোন: ৯৫৭৪৫৩৯
ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩
ইমেইল: law_sec1@cabinet.gov.bd

বিতরণ :
১) সিনিয়র সচিব/সচিব (সকল)
২) বিভাগীয় কমিশনার (সকল), তার কার্যালয়/বিভাগের সকল জেলা প্রশাসকের নিকট থেকে উল্লিখিত ছকে তথ্য সংগ্রহ করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১১, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ/ ১০ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৭.১৯.৩৫১—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার 'উচ্চ আদালতে চলমান বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা পরিচালনা কার্যক্রম পরিবীক্ষণের নিমিত্ত আন্তঃমন্ত্রণালয় কমিটি' নিম্নরূপে গঠন করেছে :

(ক) **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | : | সভাপতি |
| (২) | বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল | : | সদস্য |
| (৩) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৪) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (৫) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় | : | সদস্য |
| (৭) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, ভূমি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, আইন ও বিচার বিভাগ | : | সদস্য |
| (১০) | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের সচিব | : | সদস্য |
| (১১) | সলিসিটর, সলিসিটর উইং, আইন ও বিচার বিভাগ | : | সদস্য |
| (১২) | অতিরিক্ত সচিব (আইন), মন্ত্রিপরিষদ বিভাগ | : | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।


মূল্য : টাকা ৪.০০

(খ) **কমিটির কার্যপরিধি :**

১. সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ মামলা চিহ্নিতকরণ ও মামলাসমূহের দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কর্মপরিকল্পনা নির্ধারণ;

২. মামলা নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, অ্যাটর্নি জেনারেলের অফিস ও সলিসিটর উইং এবং আইন ও বিচার বিভাগের মধ্যে সমন্বয় সাধন;

৩. জনগুরুত্বপূর্ণ মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে বাঁধাসমূহ চিহ্নিতকরণ ও দূরীকরণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ; এবং

৪. সরকার অথবা কমিটি কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অন্যান্য দায়িত্ব।

(গ) কমিটির সভা প্রতি ০৩ (তিন) মাসে একবার অনুষ্ঠিত হবে।

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**বেবী পারভীন**
উপসচিব
ফোন: ৯৫১১০৮১
email: ca_sec@cabinet.gov.bd

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd